(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)
রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানি)
www.rpgcl.org.bd
সেন্ট্রাল ওয়ার্কশপ সেকশন

২৮.১৯.০০০০.৬০৩.৯৯.০০৪.১৮.৩৫ তারিখ: ২৩/০২/২০২৩ খ্রি:

| | |
|---|---|
| সভাপতি | প্রকৌ. খালেদা বেগম<br>মহাব্যবস্থাপক (অপারেশন) |
| সভার তারিখ | ১৪/০২/২০২৩ খ্রি: |
| সভার সময় | বেলা ১১:০০ ঘটিকা |
| স্থান | মহাব্যবস্থাপক (অপারেশন) এর দাপ্তরিক কক্ষ। |
| উপস্থিতি | পরিশিষ্ট -'ক' |

**কোম্পানির ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়নের নিমিত্তে গঠিত টিমের ২০২২-২০২৩ বছরের ৪র্থ সভার কার্যবিবরণী।**

উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভায় উপস্থিত সদস্য বৃন্দের তালিকা পরিশিষ্ট-'ক' তে দ্রষ্টব্য।

## ২.০ আলোচনাঃ

### ২.১ প্রাপ্ত সেবাসহজিকরণ/ডিজিটালাইজেশন প্রস্তাব এর উপর আলোচনা:

কোম্পানির অর্থ বিভাগে কর্মরত জনাব ইয়াসির আরাফাত, সহকারী ব্যবস্থাপক কর্তৃক একটি সেবা সহজিকরণ প্রস্তাব উপস্থাপন করা হয়েছে। প্রস্তাবটি মহাব্যবস্থাপক (অর্থ) মহোদয়ের মাধ্যমে সভাপতি, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন টিম বরাবর প্রেরিত হয়েছে। **সেবাটির** বিবরণ নিম্নরূপ :

শিরোনাম : **কোম্পানির কর্মকর্তা ও কর্মচারীদের বেতন-ভাতার তথ্যাদি প্রেরণ/প্রাপ্তি সহজিকরণ।**

প্রত্যাশিত ফলাফল :

| বর্ণনা | সময় | খরচ | যাতায়াত |
|---|---|---|---|
| আইডিয়া বাস্তবায়নের আগে | ১৩ দিন ৪ ঘন্টা | ২,০০০.০০ | ১ |
| আইডিয়া বাস্তবায়নের পরে | ৫ দিন ১ ঘন্টা | ৫০০.০০ | ০ |
| প্রত্যশিত বেনিফিট | ৮ দিন ৩ ঘন্টা | ১,৫০০.০০ | ১ |

উপস্থাপনকারী কর্তৃক সভায় সহজিকৃত সেবাটি বিস্তারিতভাবে বর্ণনা করা হয়। সভায় আরো জানানো হয় সহজিকৃত সেবাটি পরীক্ষামূলকভাবে চালু আছে (প্রসেস ম্যাপ সংযুক্ত)।

খ) বর্ণিত সেবাটি চালুর পূর্বে কর্মকর্তা-কর্মচারীদের বেতন-ভাতার তথ্যাদি (পে স্লিপ) প্রতিমাসে প্রিন্টকরত হাতে হাতে কোম্পানির বিভন্ন সাইট অফিস ও দপ্তরে প্রেরণ করা হতো। এতে অনেক সময় নষ্ট হতো এবং অর্থ খরচ হতো। সহজিকৃত সেবাটি চালু হওয়ার ফলে কর্মঘন্টা (সময়) ও অর্থ দুটোই সাশ্রয় হচ্ছে। সুবিধাভোগি কর্মকর্তা ও কর্মচারীগণ সহজ পদ্ধতিতে সেবাটি পেয়ে উপকৃত হচ্ছেন। অপরদিকে সেবা প্রদানকারীগণ সহজেই সেবাটি প্রদান

করতে পারছেন।

গ) সার্বিক দিক বিবেচনায় কমিটি মনে করে বাস্তবায়িত আইডিয়াটি ২০২২-২৩ বছরে কোম্পানির একটি উদ্ভাবনী ধারণা/সেবা সহজিকরণ/ডিজিটালাইজেশন কার্যক্রমের একটি সেবাসহজিকরণ বাস্তবায়িত মর্মে বিবেচনা করা যেতে পারে এবং ১৪-০২-২০২৩ খ্রি: তারিখ হতে 'সেবাসহজিকরণ বাস্তবায়িত' মর্মে একটি অফিস আদেশ জারী করা যেতে পারে।

**২.২ কোম্পানির ডিজিটালাইজড/সহজিকৃত সেবার তালিকা প্রণয়নসহ TCV ও সুধিাভোগীর সংখ্যা নির্ধারণ নিয়ে আলোচনা:**

সভায় আলোচনা হয় যে, অনলাইন এবং সহজিকৃত সেবাসমূহের টিসিভি পরিমাপের লক্ষ্যে নির্ধারিত ফরমেটে তথ্য প্রেরণের জন্য 'তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের এটুআই প্রোগ্রাম' হতে একটি পত্র প্রেরিত হয়েছে। উক্ত পত্রের আলোকে তথ্য প্রেরনের লক্ষ্যে কোম্পানিতে এযাবৎ বাস্তবায়িত ইনোভেটিভ আইডিয়াসহ সহজিকৃত/ডিজিটালাইজড সেবা সমূহের তালিকা, টিসিভি ও সুবিধাভোগীর সংখ্যা নির্ধারিত ফরমেটে তৈরীকরা করা হয়। কোম্পানিতে ২০১৭-১৮ বছর হতে ২০২১-২২ বছর পর্যন্ত সজজিকৃত/ডিজিটালাইজডকৃত মোট সেবার সংখ্যা ০৬টি। এটুআই এর পত্রের বিপরীতে প্রণিত তালিকটি প্রেরণ করা যেতে পারে।

**২.৩।** গত ২৯/১২/২০২২ খ্রি: তারিখ পেট্রোবাংলার ইনোভেশন টিমের এক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ৩ নং আলোচনার বিপরীতে গৃহিত সিদ্ধান্ত নিম্নরূপ:

"পেট্রোবাংলা এবং এর আওতাধীন কোম্পানিসমূহ এর ইনোভেশন টিম স্ব স্ব উদ্যোগে আগামী মার্চ, ২০২৩ এর মধ্যে ইতোঃপূর্বে ভিন্ন কোন কোম্পানি/প্রতিষ্ঠানে বাস্তবায়িত অথবা পাইলটিং কার্যক্রম চলমান এরূপ একটি উদ্ভাবনী উদ্যোগ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে পরিদর্শন করবে এবং পেট্রোবাংলার ইনোভেশন অফিসার বরাবর এসংক্রান্ত একটি প্রতিবেদন দাখিল করবে।"

খ) সভায় আলোচনা করা হয় যে, পেট্রোবাংলার উক্ত সিদ্ধান্ত বাস্তবায়নে, কোম্পানির ইনোভেশন টিমের পক্ষ হতে অন্যান্য কোম্পানির সাথে যোগাযোগ করে সুবিধামত বাস্তবায়িত অথবা পাইলটিং কার্যক্রম চলমান এরূপ একটি উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শন করা যেতে পারে।

**৩.০ সিদ্ধান্ত:**

সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

| ক্রম. | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|

| | | |
|---|---|---|
| ৩.১ | জনাব ইয়াসির আরাফাত, সহকারী ব্যবস্থাপক (অর্থ) কর্তৃক **"কোম্পানির কর্মকর্তা ও কর্মচারীদের বেতন-ভাতার তথ্যাদি প্রেরণ/প্রাপ্তি সহজিকরণ"** শিরোনামে উপস্থাপিত এবং চলমান সেবাটি কোম্পানির ২০২২-২৩ বছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার উদ্ভাবনী ধারণা/সেবাসহজিকরণ/ডিজিটালাইজেশন কার্যক্রমের অংশ হিসেবে একটি সেবাসহজিকরণ ১৪/০২/২০২৩ খ্রি: তারিখ হতে বাস্তবায়িত মর্মে গ্রহণ করা হলো।<br><br>অর্থ বিভাগ কর্তৃক সহজিকৃত সেবাটি ব্যবহারের মাধ্যমে কোম্পানির কর্মকর্তা ও কর্মচারীদের সেবা প্রদান করা যেতে পারে।<br><br>খ) টিসিবি বিশ্লেষণসহ বর্ণিত সেবাটি ১৪-০২-২০২৩ খ্রি: তারিখ হতে বাস্তবায়িত মর্মে একটি অফিস আদেশ জারী করতে হবে। | <br><br><br><br><br>- অর্থ বিভাগ।<br><br><br>- প্রশাসন বিভাগ। |
| ৩.২ | ইনোভেশন টিম কর্তৃক এটুআই প্রদত্ত ফরমেটে প্রস্তুতকৃত ২০২১-২২ পর্যন্ত কোম্পানির ০৬টি সজজিকৃত/ডিজিটালাইজড সেবার টিসিভি ও সুবিধাভোগীর সংখ্যা এটুআই বরাবর প্রেরণ করতে হবে। | - ইনোভেশন টিম। |
| ৩.৩ | পেট্রোবাংলার ইনোভেশন টিমের সভার সিদ্ধান্ত বাস্তবায়নে, কোম্পানির ইনোভেশন টিমের পক্ষ হতে অন্যান্য কোম্পানির সাথে যোগাযোগ করে সুবিধামত বাস্তবায়িত অথবা পাইলটিং কার্যক্রম চলমান এরূপ একটি উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শন করবে। | - ইনোভেশন টিম। |

৪.০ আর কোন আলোচনার বিষয় না থাকায় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

প্রকৌ. খালেদা বেগম
মহাব্যবস্থাপক (অপারেশন)

স্মারক নম্বর: ২৮.১৯.০০০০.৬০৩.৯৯.০০৪.১৮.৩৭

তারিখ: ১৪ ফাল্গুন ১৪২৯
২৭ ফেব্রুয়ারি ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) ব্যবস্থাপনা পরিচালক, রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানী লিমিটেড
২) মহাব্যবস্থাপক (সকল), আরপিজিসিএল, ঢাকা
৩) উপমহাব্যবস্থাপক (সকল), আরপিজিসিএল
৪) স্থাপনা প্রধান/ইনচার্জ, আরপিজিসিএল
৫) ই-গভর্ন্যান্স/ইনোভেশন টিম-আরপিজিসিএল
৬) ব্যবস্থাপক (সকল), আরপিজিসিএল
৭) উপব্যবস্থাপক, ইনফরমেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি (আইসিটি) সেকশন, রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানী লিমিটেড [ওয়েবসাইটে আপলোডকরণের অনুরোধসহ]।

প্রকৌ. খালেদা বেগম
মহাব্যবস্থাপক (অপারেশন)